

২০২৪

বাংলা

(অনার্স)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমিস্টার

কোর্স কোড : BNGH-DSE-T-2

(বাংলাদেশ ও বহির্বঙ্গে বাংলা ভাষায় রচিত সাহিত্য)

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

ক) 'আর হতো না, তোমাকে ছাড়া সারাটা রাত

বেঁচে - থাকাটা আর হতো না'।

— কার লেখা, কোন রচনার অংশ?

খ) 'হাসানের জন্য এলিজি

রামপ্রসাদের কাছে ক্ষমা প্রার্থনাপূর্বক....।' — 'এলিজি' শব্দের
অর্থ লেখো। 'রামপ্রসাদ' - বাংলা সাহিত্যে কীজন্যে বিখ্যাত?

[পরপৃষ্ঠায়]

- গ) “শেয়াল-ডাকা রাত্রি আসে যেই আসি ওর কাছে..”
— উদ্ধৃতাংশটি কার লেখা? কোন কবিতার অংশ?
- ঘ) ‘প্লুতস্বরে শুধু তোমাকে, হ্যাঁ তোমাকেই বলেছি;
দু’মুঠো ভালোবাসা দাও!...’
— উদ্ধৃতাংশটি কার লেখা, কোন কবিতার অংশ? ‘তোমাকে’
বলতে কবি কাকে বুঝিয়েছেন?
- ঙ) ‘কী আশ্চর্য, একটা ঘোরের মধ্যে আমি বলে ফেলি, একটু
সবুর করো, মানুষ আসা দেখতে দাও আমাকে।’
— আলোচ্য অংশটি কার লেখা, কোন রচনার অংশ? কে,
কাকে একথা বলেছেন?
- চ) ‘কচি বেলায় হাত মুঠো করে আমার বুকে ঘুমোত, গান শুনতে
শুনতে কাঁধে মাথা রাখত যেন পৃথিবীর সবচেয়ে নিরাপদ
জায়গায় পৌঁছে গেছে।’
— উদ্ধৃতাংশটি কার লেখা, কোন রচনার অংশ? কার সম্পর্কে,
কে একথা বলেছেন?
- ছ) ‘পাছড়ার প্যাঁচ খোলার ক্ষমতা নেই, আবার এসেছে লীলা
করতে।’
— উদ্ধৃতাংশটি কার লেখা, কোন রচনার অংশ? কে, কোন
প্রসঙ্গে একথা বলেছেন?
- জ) ‘গতবারের দর পাবি। উশখুশ করে সবাই। কোনও কথা না।
পোষালে দিবি, নইলে রাস্তা দেখ।’
— কে, কাকে একথা বলেছেন? কোন গল্পের অংশ?

- ঝ) ‘বুড়ো, আমাদের ওপর পুলিশ লেলিয়ে দিয়েছে ...’
— উদ্ধৃতাংশটিতে ‘বুড়ো’ বলতে কাকে বোঝানো হয়েছে?
কার লেখা, কোন রচনার অংশ?
- ঞ) ‘— পারে নাই গো, বন্ধু কইরা লাইছি। পাখুলি নাই’
— কে, কাকে একথা বলেছেন?
- ট) ‘মায়ের বড়ো মাতৃভূমিই, মায়ের প্রয়োজন ফুরোয়, মাতৃভূমি
মৃত্যুর পরেও দরকার হয়।...’
— কার লেখা, কোন রচনার অংশ?
- ঠ) ‘...শুধু তা নয়, মহাভারত ও রামায়ণ থেকেই উপমাদি
অলংকারও জোগাড় করেছেন তাঁরা’
— কে একথা বলেছেন? এখানে ‘তাঁরা’ বলতে কাদেরকে
বোঝানো হয়েছে?
- ড) ‘... ভাষা চর্চাই হোক, কিংবা সাহিত্য চর্চাই হোক তা স্থান
কাল নিরপেক্ষ নয়।’ — কোথা থেকে অংশটি গৃহীত
হয়েছে?
- ঢ) ‘সংগ্রামের ময়দানে ঐতিহ্য থেকে যদি আলো না আসে তা
হলে সবরকমের সংগ্রামই বিফল হতে বাধ্য’ — কার লেখা,
কোন রচনার অংশ?
- ণ) “সব মাটিতেই পড়েছে স্যার, হাত দিয়ে দেখলাম। জায়গাটা
ভিজে একেবারে কাদা কাদা হয়ে গেছে।” — কে, কাকে এই
কথা বলেছে? রচনার নাম উল্লেখ করো।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০
- ক) কবি নির্মলেন্দু গুণের লেখা ‘মানুষ’ কবিতাটির নামকরণ
কতখানি যথার্থ হয়েছে তা কবিতা অবলম্বনে সংক্ষেপে বুঝিয়ে
দাও।

- খ) 'আধখানা চাঁদ আটকে আছে টেলিগ্রাফের তারে।'
— উদ্ধৃতাংশটির আলোকে কবি অশোক বিজয় রাহা রচিত 'একটি সন্ধ্যা' কবিতায় কবির অভিব্যক্তি প্রকাশ করো।
- গ) 'একটিমাত্র সন্তানের জন্য জায়গাটি বড় বড় — হয়তো ওখানে শত কলসীতে ভরা আছে একশ সন্তান।' — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।
- ঘ) দীপক দেব রচিত 'গুলি আর গুলির শব্দ' — গল্পটি অবলম্বনে 'আখিরাই' চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- ঙ) 'একুশের চিন্তা' প্রবন্ধে প্রাবন্ধিক বিশ্বজিৎ চৌধুরী একুশ পরবর্তী বাংলাদেশের রাজনৈতিক ও সাংস্কৃতিক ইতিহাসের কথা উল্লেখ করেছেন — তা সংক্ষেপে আলোচনা করো।
- চ) মুনীর চৌধুরী রচিত 'কবর' নাটক অবলম্বনে 'নেতা' চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- ক) কবি স্বপন সেনগুপ্ত 'আজও কি বৃষ্টি হবেনা' — কবিতায় 'বৃষ্টি' ও 'প্রকৃতি রূপের' যে বর্ণনা দিয়েছেন তা কবিতা অবলম্বনে আলোচনা করো।
- খ) মীনাক্ষী সেন রচিত 'পরিভ্রাণ' গল্প অবলম্বনে 'তোফাজ্জেল' চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- গ) 'বাংলা সাহিত্যের তৃতীয় ভুবন' — প্রবন্ধে প্রাবন্ধিক বিজিত কুমার ভট্টাচার্য কেন তৃতীয় ভুবন প্রাসঙ্গিক বলে মনে করেছেন তা প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।
- ঘ) 'কবর' নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো।